লেন্স এশিয়া

১২ আগস্ট, ২০২৫

# জনগণের জীবনমান উন্নয়নই বিএনপির ভবিষ্যৎ রাজনীতির মূল লক্ষ্য: তারেক রহমান



বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান: সংগৃহীত ছবি

আন্তর্জাতিক যুব দিবসের আলোচনায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, আগামী দিনের রাজনীতি হবে জনগণের জীবনমান উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির ওপর ভিত্তি করে। তিনি প্রতিশোধ নয়, সাহস ও সততার মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার আহ্বান জানান। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরও সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিতে প্রতিশ্রুতিবদ্ধ থাকার কথা বলেন।

মঙ্গলবার (১২ আগস্ট) রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে আয়োজিত 'যুব সমাজের প্রত্যাশা ও বিএনপির পরিকল্পনায় আগামীর বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেন, জনগণ প্রচলিত রাজনীতির পরিবর্তন চায়। শুধু প্রতিশ্রুতি নয়, জনগণ এখন প্রতিশ্রুতি বাস্তবায়ন দেখতে চায়।

তিনি জানান, আগামী দিনে বিএনপি কর্মসংস্থানমুখী রাজনীতি চালু করবে। প্রতিশোধ ও প্রতিহিংসা এড়িয়ে সাহস ও সততা নিয়ে এগিয়ে গেলে দেশের সমৃদ্ধি অনিবার্য হবে। তারেক রহমান আরও বলেন, জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে পারলে তা বাংলাদেশের জন্য আশীর্বাদ হবে।

এসময় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করে বলেন, বিএনপিকে ছোট করার জন্য বিভিন্ন অপপ্রচার চালানো হচ্ছে। তিনি প্রতিশ্রুতি দেন, বিএনপি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিতে কাজ করবে, যাতে আওয়ামী লীগের মতো কারচুপির নির্বাচনের অভিযোগ তুলে কেউ বিএনপির দিকে আঙুল তুলতে না পারে।

LENS ASIA